2019

# BENGALI (Honours)

## Paper Code : II-A & B

## [New Syllabus]

Full Marks : 100 Time : Four Hours

### Important Instructions for Multiple Choice Question (MCQ)

- Write Subject Name and Code, Registration number, Session and Roll number in the space provided on the Answer Script.

  **Example :** Such as for Paper III-A (MCQ) and III-B (Descriptive).

  Subject Code : | III | A | & | B |

  Subject Name : [ ]

- Candidates are required to attempt all questions (MCQ). Below each question, four alternatives are given [i.e. (A), (B), (C), (D)]. Only one of these alternatives is 'CORRECT' answer. The candidate has to write the Correct Alternative [i.e. (A)/(B)/(C)/(D)] against each Question No. in the Answer Script.

  **Example** — If alternative A of 1 is correct, then write :
  **1. — A**

- There is no negative marking for wrong answer.
- No student will be allowed to leave the examination hall before completion of the examination.
- Using abusive language or employing any other unfair means, he/she will render himself/herself liable to disqualify.
- Use of any mobile phone, calculator or log table etc. in the examination hall is prohibited, except specially instructed in the question paper.



Scanned by CamScanner

## মাল্টিপল চয়েস প্রশ্নের (MCQ) জন্য জরুরী নির্দেশাবলী

- উত্তরপত্রে নির্দেশিত স্থানে বিষয়ের (Subject) নাম এবং কোড, রেজিস্ট্রেশন নম্বর, সেশন এবং রোল নম্বর লিখতে হবে।

  উদাহরণ — যেমন Paper III-A (MCQ) এবং III-B (Descriptive)।

  Subject Code : | III | A | & | B |

  Subject Name : ______________________

- পরীক্ষার্থীদের সবগুলি প্রশ্নের (MCQ) উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নে চারটি করে সম্ভাব্য উত্তর, যথাক্রমে (A), (B), (C) এবং (D) করে দেওয়া আছে। পরীক্ষার্থীকে তার উত্তরের স্বপক্ষে (A) / (B) / (C) / (D) সঠিক বিকল্পটিকে প্রশ্ন নম্বর উল্লেখসহ উত্তরপত্রে লিখতে হবে।

  উদাহরণ — যদি 1 নম্বর প্রশ্নের সঠিক উত্তর A হয় তবে লিখতে হবে :
  1. — A

- ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্কিং নেই।
- কোন অবস্থাতেই পরীক্ষার্থীকে পরীক্ষাচলাকালীন পরীক্ষাকেন্দ্রের বাইরে যাওয়ার অনুমতি দেওয়া যাবে না।
- অবাঞ্ছিত কোন শব্দ ব্যবহার করা অথবা অবৈধ কোনো কাজকর্মে লিপ্ত থাকলে ছাত্র/ছাত্রী তার পরীক্ষা বাতিলের জন্য নিজেই দায়ী থাকবে।
- প্রশ্নপত্রে নির্দেশিত বিশেষ নির্দেশ ছাড়া পরীক্ষাকক্ষে মোবাইল ফোন, ক্যালকুলেটর অথবা লগ-টেবিল ইত্যাদি ব্যবহার নিষিদ্ধ।



## Paper Code : II-A

Full Marks : 20 Time : Thirty Minutes

Choose the correct answer.

Each question carries 1 mark.

১। বহুদিন পরে বঁধুয়া এলে।
দেখা না হইতে পরাণ গেলে।।
— পদটি কোন্ রস পর্যায়ের?

(A) পূর্বরাগ

(B) ভাবোল্লাস ও মিলন

(C) অভিসার

(D) মাথুর

২। গোপীচন্দ্রের স্ত্রী অদুনা ছিলেন —

(A) মানিকচন্দ্র রাজার কন্যা

(B) গোরক্ষনাথের কন্যা

(C) হরিশ্চন্দ্র রাজার কন্যা

(D) হাড়িগুরুর কন্যা

৩। কালো জল ঢালিতে সই কালা পড়ে মনে।
— কোন্ অলংকার।

(A) রূপক

(B) উৎপ্রেক্ষা

(C) সমাসোক্তি

(D) উপমা

*Turn Over*




Scanned by CamScanner

৪। 'অক্ষরবৃত্ত' ছন্দের আরেক নাম —

(A) শ্বাসাঘাত প্রধান ছন্দ

(B) তান প্রধান ছন্দ

(C) ছড়ার ছন্দ

(D) কলাবৃত্ত ছন্দ

৫। রবীন্দ্রনাথের 'পৃথিবী' কবিতাটি (আজ আমার প্রণতি গ্রহণ কর পৃথিবী) কী জাতীয় কবিতা?

(A) ওড

(B) সনেট

(C) এলিজি

(D) গীতিকবিতা

৬। প্রাচীনকালে বীণা সঙ্গে নিয়ে এক ধরনের গান গাওয়া হত, এখন তাকে বলে —

(A) সনেট

(B) গাথাকাব্য

(C) গীতিকবিতা

(D) ওড

৭। তাতল সৈকত বারিবিন্দুসম-পদটির রচয়িতা হলেন —

(A) বিদ্যাপতি

(B) গোবিন্দদাস

(C) চণ্ডীদাস

(D) বলরামদাস



৮। সাহিত্যিক মহাকাব্য হলো —

(A) মহাভারত

(B) মেঘনাদবধকাব্য

(C) শূরসুন্দরী

(D) রামায়ণ

৯। "মা নিম খাওয়ালে চিনি বলে কথায় করে ছলো।
ওমা, মিঠার লোভে তিত মুখে সারাদিনটা গেল।"
— এটি শাক্ত পদাবলীর কোন পর্যায়ের পদ —

(A) আগমনী

(B) বিজয়া

(C) ভক্তের আকুতি

(D) মনোদীক্ষা

১০। একটি পূর্ণস্বর ও একটি খণ্ডস্বর পাশাপাশি বসে একসাথে উচ্চারিত হলে সৃষ্টি হয় —

(A) যৌগিক স্বর।

(B) একক স্বর।

(C) মৌলিক স্বর।

(D) পূর্ণস্বর।



Scanned by CamScanner

১১। অর্ধযতি দ্বারা খণ্ডিত পংক্তির বিভাগের পারিভাষিক নাম কী?

(A) যতি

(B) মাত্রা

(C) লয়

(D) পদ

১২। প্রবাহমানতা কোন ছন্দের প্রধান বৈশিষ্ট্য?

(A) গদ্যছন্দ

(B) অমিত্রাক্ষর

(C) মুক্তক

(D) কলাবৃত্ত

১৩। মন্দির বাহির কঠিন কপাট।

________ শঙ্কিল পঙ্কিল বাট।।—

শূন্যস্থানের শব্দটি হল —

(A) বারইতে

(B) হেরইতে

(C) শুনইতে

(D) চলইতে



১৪। রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।

প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।।

— এই পদটির রচয়িতা হলেন —

(A) গোবিন্দদাস

(B) জ্ঞানদাস

(C) বিদ্যাপতি

(D) বলরামদাস

১৫। 'গোপিচন্দ্রের গান'-এ জন্মখণ্ডের পর আসে —

(A) বুঝান খণ্ড

(B) পণ্ডিত খণ্ড

(C) মুণ্ডন খণ্ড

(D) সন্ন্যাস খণ্ড

১৬। 'আজু হাম কি পেখলুঁ' পদটির পর্যায়টি হলো —

(A) পূর্বরাগ

(B) ভাবোল্লাস ও মিলন

(C) গৌরাঙ্গবিষয়ক

(D) প্রার্থনা



Turn

Scanned by CamScanner

১৭। ওরে নবমী-নিশি, না হইও রে অবসান।

শুনেছি দারুণ তুমি, না রাখ সতের মান।।

— এইপদটির রচয়িতা হলেন —

(A) রামপ্রসাদ সেন

(B) কমলাকান্ত ভট্টাচার্য

(C) মধুসূদন দত্ত

(D) রাম বসু

৮। লৌকিক ছড়া রচিত হয়েছে কোন্ ছন্দে?

(A) দলবৃত্ত রীতিতে

(B) কলাবৃত্ত রীতিতে

(C) মিশ্রবৃত্ত রীতিতে

(D) মিশ্র-কলাবৃত্ত রীতিতে

৯। 'রূপক' অলংকারের উদাহরণ হলো —

(A) 'আনিয়াছি ছুরি তীক্ষ্ণ দীপ্ত প্রভাতরশ্মিসম।'

(B) 'এতো মালা নয়, এ যে তোমার তরবারি'।

(C) 'এমন মানব জমিন্ রইল পতিত/আবাদ করলে ফলতো সোনা'।

(D) 'কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে,/হে প্রচেতঃ!'

। 'ভিখারী সে শূলপাণি' এখানে 'শূলপাণি' কথাটির অর্থ হলো —

(A) শিব

(B) গিরিরাজ

(C) মা মেনকা

(D) গৌরী





2019

# BENGALI (Honours)

## Paper Code : II-B

## [New Syllabus]

Full Marks : 80 Time : Three Hours Thirty Minutes

*The figures in the margin indicate full marks.*

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। গীতিকবিতার সংজ্ঞা দাও। আধুনিক বাংলা গীতিকবিতার বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

**অথবা,**

সংক্ষিপ্ত আলোচনা করো (যেকোনো দু'টি) : ৫×২=১০

গাথাবাক্য; ওড; আখ্যানকাব্য; সাহিত্যিক মহাকাব্য।

২। আক্ষেপানুরাগ ও প্রেমবৈচিত্র্যের সংজ্ঞা দাও। এই দুটির মধ্যে পার্থক্য নিরূপণ করে এবিষয়ে তোমার পাঠ্য যে কোনো একটি পদ আলোচনা করো। ৪+৪+৭=১৫

**অথবা,**

বৈষ্ণব পদাবলীর কবিরা আগে ভক্ত পরে কবি। — আলোচনা করো। ১৫

৩। শাক্ত পদাবলীর 'আগমনী ও বিজয়া'র গানে সে যুগের সমাজ জীবন কীভাবে প্রতিফলিত হয়েছে যথাযথ উদ্ধৃতিসহ আলোচনা করো। ১৫

**অথবা,**

*Turn Over*



Scanned by CamScanner

শাক্ত পদাবলী সাহিত্যের 'ভক্তের আকূতি' পর্যায়ের পদে পদকর্তারা প্রমাণ করেছেন যে সাধনতত্ত্বও মানব জীবন সঙ্গীত হয়ে উঠতে পারে। — উদাহরণসহ আলোচনা করো। ১৫

৪। 'গোপীচন্দ্রের গান'-এর কাব্যমূল্য বিচার করো। ১৫

**অথবা,**

'গোপীচন্দ্রের গান'-এ অদুনা পদুনা চরিত্র দু'টির মধ্যে চিরন্তন নারী চরিত্রের যে পরিচয় পাওয়া যায়, তা আলোচনা করো। ১৫

৫। অমিত্রাক্ষর ছন্দ সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ৮

**অথবা,**

সংজ্ঞা লেখো (যে কোনো দু'টি) : ৪×২=৮

দল; মাত্রা; শ্বাসঘাত প্রধান; ছেদ।

৬। ছন্দোলিপি প্রস্তুত করো (যে কোনো দু'টি) : ৪×২=৮

(ক) আজগুবি চাল বেঠিক বেতাল,
মাতবি মাতাল রঙ্গেতে
আয়রে তবে ভুলের ভবে
অসম্ভবের ছন্দেতে।

(খ) ঐ আসে ঐ অতি ভৈরব হরষে
জলসিঞ্চিত ক্ষিতি সৌরভ রভসে
ঘনগৌরব নব যৌবনা বরষা
শ্যাম গম্ভীর সরসা।।

(গ) যমুনাবতী সরস্বতী কাল যমুনার বিয়ে,
যমুনা যাবেন শ্বশুরবাড়ী কাজিতলা দিয়ে।



(ঘ) পঞ্চশরে দগ্ধ করে করেছ একি সন্ন্যাসী;
বিশ্বময় দিয়েছ তারে ছড়ায়ে।
ব্যাকুলতর বেদনা তার বাতাসে উঠেনিশ্বাসি
অশ্রু তার আকাশে পড়ে গড়ায়ে।

৭। দৃষ্টান্তসহ সংজ্ঞা নির্দেশ করো (যে কোনো দু'টি) : ৩×২=৬

উপমা; অনুপ্রাস; অপহ্নুতি; উৎপ্রেক্ষা।

৮। অলংকার নির্ণয় করো (যে কোনো একটি) : ৩×১=৩

(ক) কে বলে শারদশশী সে মুখের তুলা।
পদনখে পড়ে তার আছে কতগুলা।।

(খ) এ নিদাঘ যেন প্রেমাভিনয়ের বিরহ অঙ্কখানি,
দুর্বাসা যেন অভিশাপ হানি দেয় ব্যবধান আনি।

(গ) হেরিয়া নবীন ঘন নীল গগনে,
সজল কাজল আঁখি পড়িল মনে।

---



Scanned by CamScanner